


সমতার প্রতি মনোযোগ দিন

নিউইয়র্কের সুবিধা বঞ্চিত পরিবার ও শিক্ষার্থীদের
মাধ্যমিক স্কুল এবং হাই স্কুলে ভর্তি প্রক্রিয়ার বিশেষ সুপারিশ।



সময়

তথ্যগুলি সময় মত প্রদান করতে হবে যাতে শিক্ষার্থীরা বিষয় গুলো
বুঝতে এবং ব্যবহার করতে পারে।

- NYCDOE আবেদন পত্র ঘোষণার পর আবেদন সম্পন্ন করার জন্য কমপক্ষে ১০ সপ্তাহ সময় প্রদান করতে হবে।
- আবেদনের সময়সীমা ঘোষণার পূর্বে আবেদনের শর্তাবলী নির্ধারণ করতে হবে। শর্তগুলো সময় সীমা ঘোষণার দু সপ্তাহ আগে জনসাধারণ কে জানাতে হবে।
- আবেদন পত্র জনসাধারণের জন্য উন্মুক্ত হওয়ার পর শর্ত গুলো সুনির্দিষ্ট থাকবে। NYCDOE অথবা কোন স্কুল কতৃপক্ষ কোন শর্ত পরিবর্তন করতে পারবে না।



মাধ্যমিক স্কুলে ভর্তি

মাধ্যমিক স্কুলে ভর্তি : এম এস জিনিং প্রথাটি স্থায়ী ভাবে বাদ দিতে
হবে। ডাইভারসিটির বিষয়টিকে সমর্থন করতে হবে।

- বর্জন প্রক্রিয়া ফেরত আনা ন্যায় সংগত নয়। এতে মাধ্যমিক স্কুলে ভর্তি আবেদন প্রক্রিয়া ভারসাম্যহীন এবং চাপযুক্ত হয়ে উঠবে। একজন নয় বছর বয়সী শিক্ষার্থীর 'যোগ্যতা' পরিমাপ করা হয় তার নয় বছর পর্যন্ত একাডেমিক রেকর্ড দেখে, এটি মোটেও সঠিক নয়।
- মাধ্যমিক স্কুলের ভর্তির ক্ষেত্রে ডাইভারসিটির বিষয়টি বিবেচনায় রাখার জন্য উৎসাহিত করা।
- স্কুল কমিউনিটির জন্য পেশাগত ডেভেলপমেন্ট ও সহায়তার বিষয়টি নিশ্চিত করতে হবে, যাতে করে স্কুলের পরিবেশ, সকল বর্নের ও পটভূমির শিক্ষার্থী ও তাদের পরিবারের অনুকূল হয়।
- মাধ্যমিক স্কুল পর্যায়ে মেধা ভিত্তিক ভর্তি পরীক্ষা বর্জন করতে হবে। হাইস্কুলের পূর্বে মাধ্যমিক স্কুল পর্যায়ে আর্টস কে ফোকাস করতে হবে। এতে করে শিক্ষার্থীরা নিজ নিজ প্রতিভা আবিষ্কার ও পরিচর্যার সুযোগ পাবে। NYCDOE অনুমোদন স্বাপেক্ষে মেধা পরীক্ষা এবং অডিশনের জন্য সকল শিক্ষার্থীদের অর্ন্তভুক্ত করা এবং যারা চিত্রকলা, সঙ্গীত কিংবা নৃত্যকলায় কোন প্রশিক্ষণ নেয়নি তাদের সকলকে সমান সুযোগ করে দেয়া।

স্বচ্ছতা

সঠিক তথ্য সফল ভাবে আবেদন করার জন্য মূল উপাদান। নিচের সুপারিশ গুলি নতুন নয়,
কিন্তু ২০২২-২০২৩ শিক্ষা বর্ষের মধ্যে এগুলো চালু হওয়া উচিত।

- NYCDOE এর উচিত স্কুল গুলো থেকে ইনপার্সন এবং ভারচুয়াল ওপেন হাউস এর সব তথ্য সংগ্রহ করা। সেই সাথে একটি কেন্দ্রীয় ভাবে ওপেন হাউস ক্যালেন্ডার তৈরী করা এবং নিয়মিত ভাবে তা আপডেট করা এবং সকলের জন্য উপলব্ধ করা
- ওপেন হাউস গুলোতে শিক্ষার্থী ও তাদের পরিবারের অংশ গ্রহন নিশ্চিত করার জন্য NYCDOE কে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।
- স্কুল এবং NYCDOE কে আবেদন নির্বাচনের বিষয়ে সঠিক তথ্য স্বচ্ছ ভাবে প্রদান করতে হবে এবং বিভিন্ন ভাষায় তথ্য গুলো প্রদানের ব্যবস্থা করতে হবে। মাই স্কুল ওয়েব সাইট, গাইডেন্স কাউন্সিলর, পরিবারিক অর্ন্তথনা কেন্দ্র এবং ফোন কলের এর মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা করতে হবে। স্কুল গুলোকে তাদের নির্বাচনের শর্তাবলী জনসাধারণের জন্য উপলব্ধ করতে হবে। যাতে এই তথ্য গুলো ইমেল অথবা ফোনে যোগাযোগ করে সংগ্রহ করা যাবে।



হাইস্কুলে ভর্তি

মহামারী চলাকালীন সময়ের পরিবর্তন গুলো বহাল রাখুন,
ভর্তি ক্ষেত্রে সমতা ও স্বচ্ছতা বৃদ্ধি এবং জ্বীনিং পদ্ধতি পরিহার করুন।

- সকল হাই স্কুল ভর্তি প্রক্রিয়া NYCDOE দ্বারা কেন্দ্রীভূত এবং মান নিয়ন্ত্রন করা আবশ্যিক। মহামারীর আগে যে সকল স্কুল অস্বচ্ছ র্যাকিং প্রক্রিয়া অনুসরণ করতো সেগুলো কে NYCDOE দ্বারা কেন্দ্রীভূত রাখতে হবে।
- আন জ্বীনিং ভর্তি ব্যবস্থা চালু করতে হবে। যে সব ক্ষেত্রে র্যাকিং এর কোন বিকল্প নেই সে সব ক্ষেত্রে NYCDOE কেন্দ্রীভূত র্যাকিং প্রথা অনুসরণ করুন। কোন স্কুল NYCDOE বহির্ভূত জ্বীনিং এর ব্যবস্থা করলে শিক্ষাক্ষেত্রে তাদেরকে এই জ্বীনিং এর যুক্তিযুক্ততা প্রমাণ করতে হবে।
- যদি জ্বেডিং NYCDOE এর জ্বীনিং এর মানদণ্ড হয় তবে যে সকল শিক্ষার্থী গত বছরে ৮৫ অথবা তার বেশী পেয়েছে তারা জ্বীনিং প্রক্রিয়ায় অগ্রাধী-কার পাবে।
- স্টেট টেস্ট এবং উপস্থিতির মত অসম নিবাচন মানদণ্ড বাদ দিতে হবে।
- স্কুল কমিউনিটির জন্য পেশাগত ডেভেলপমেন্ট সহায়তার বিষয়টি নিশ্চিত হবে। যাতে করে স্কুলের পরিবেশ জাতি ধর্ম বর্ণ, নির্বিশেষে সকল শিক্ষার্থী এবং পরিবারের অনুকূলে থাকে।



কারিগরী

সহায়তা

যত দিন পর্যন্ত আবেদন প্রক্রিয়া জটিল থাকবে, নিউ ইয়র্ক সিটি সরকার এবং
NYCDOE কে অগ্রাধিকার ভিত্তিতে সহায়ক কর্মসূচীর ব্যবস্থা করতে হবে।
যাতে করে শিক্ষার্থী, পরিবার এবং বিশেষ করে NYCDOE এর কর্মচারীগণ
প্রয়োজনীয় সহায়তা পেতে পারে।

- মাধ্যমিক বিদ্যালয় গুলোতে একটি প্রমিত প্রক্রিয়ায় থাকতে হবে। সে সাথে আফটার স্কুল প্রোগ্রাম এবং কমিউনিটি ভিত্তিক সংগঠন গুলো শিক্ষার্থী ও পরিবার গুলোকে ভর্তি প্রক্রিয়া সহায়তা করতে পারে। যে সকল সংগঠন হাই স্কুল ভর্তির জন্য কাজ করছে তারা পাঠ্যক্রম উন্নতিতে কাজ করতে পারেন।
- আফটার স্কুলে প্রোগ্রাম এর জন্য তহবিলের ব্যবস্থা করা যাতে শিক্ষার্থী ও পরিবার গুলোর সহায়তা কারার দক্ষতা অর্জনের ব্যবস্থা করা যায়।
- গাইডেন্স কাউন্সিল, কমিউনিটি ভিত্তিক সংগঠন গুলোর পেশাগত উন্নয়নের সুযোগ সৃষ্টি করতে হবে। এতে করে মাধ্যমিক স্কুলের সাকসেস সেন্টার গুলো শিক্ষার্থী ও তাদের পরিবার কে সহায়তা করতে পারবে।
- হাই স্কুল ভর্তি প্রক্রিয়া ফোকাস করে সকলের জন্য কলেজ এ্যাঙ্ক্লেস সংশোধন করে মান সম্মত পাঠ্যক্রম অর্ন্তভুক্ত করুন।